দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 1 DEC 1988
পৃষ্ঠা 5 কলাম 8

260

## নওগাঁ সরকারী মহিলা কলেজে অধ্যক্ষ চাই

নওগাঁ সরকারী মহিলা ডিগ্রী কলেজ নওগাঁ জেলার একমাত্র নারী শিক্ষার উচ্চপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান। এই শিক্ষা প্রতিষ্ঠান প্রায় পাঁচ বছর পূর্বে সরকারীকরণের পর এর প্রশাসনিক দায়িত্বে কোন স্থায়ী ব্যক্তিকে নিয়োগ না করার ফলে বর্তমানে এখানে শিক্ষার কোন সুষ্ঠু পরিবেশ নেই। অস্থিরতা, অরাজকতা, নৈরাজ্য, নানান অব্যবস্থা ও অনিয়মতান্ত্রিক কার্যকলাপ এ কলেজে এখন এক স্থায়ী ব্যবস্থায় পরিণত হয়েছে। নওগাঁ জেলার শিক্ষানুরাগী মহল ও শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ এর কোন স্থায়ী সমাধা করতে পারছে না।

প্রশাসনিক কাজকর্মে দায়িত্বপ্রাপ্ত একজন কনিষ্ঠ প্রভাষক এ কলেজেরে সার্বিক কর্মকাণ্ড সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে যে দায়িত্বহীনতার পরিচয় দিয়ে আসছেন, তা কলেজে কর্মরত শিক্ষক ও কর্মচারীদের মনে দারুণ ক্ষোভের সঞ্চার করেছে।

নওগাঁ সরকারী মহিলা ডিগ্রী কলেজের শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে ও কলেজ প্রশাসন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এক্ষণে একজন অভিজ্ঞ এবং দায়িত্ব ও ব্যক্তিত্বসম্পন্ন অধ্যক্ষের প্রয়োজন। দীর্ঘদিন যাবৎ অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের পদ শূন্য থাকায় এই শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে যে সকল সমস্যা বিরাজ করছে তা সমূলে উৎপাটন করে নওগাঁ জেলায় নারী শিক্ষার প্রসার ও বিকাশের লক্ষ্যে সরকারী এই শিক্ষা প্রতিষ্ঠানে অনতিবিলম্বে একজন স্থায়ী অধ্যক্ষ ও উপাধ্যক্ষ নিয়োগ মাননীয় শিক্ষামন্ত্রী এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ঢাকা-এর শুভ দৃষ্টি আকর্ষণ করছি।

— সাবরিনা সুলতানা